আজকের কাগজ

তারিখ 27 APR 1993
পৃষ্ঠা ... ২ ... কলাম ৪ ...

190

# জগন্নাথ কলেজের শিক্ষক প্রতিনিধিরা প্রধানমন্ত্রীর সঙ্গে সাক্ষাৎ করেছেন

গতরাতে জগন্নাথ বিশ্ববিদ্যালয় কলেজ শিক্ষক প্রতিনিধিদল অধ্যক্ষ কিউএটিএম হাবিবুর রহমানের নেতৃত্বে প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার সঙ্গে সুগন্ধা কার্যালয়ে সাক্ষাৎ করেন। শিক্ষকরা প্রধানমন্ত্রীকে জানান, জগন্নাথ কলেজ যে কোনো রকমের সন্ত্রাস থেকে মুক্ত এবং শান্তিপূর্ণ। তারা প্রধানমন্ত্রীকে বিদ্যাপীঠের শতাব্দী পূর্তি অনুষ্ঠানের ক্রেস্ট উপহার দেন। অধ্যক্ষ প্রধানমন্ত্রীকে অবহিত করেন যে, কলেজে ছাত্র সংখ্যার তুলনায় শিক্ষক সংকট রয়েছে। যানবাহন ও পাঠকক্ষেরও সমস্যা রয়েছে। প্রধানমন্ত্রী কলেজে বিরাজমান শান্তিপূর্ণ পরিবেশে সন্তোষ প্রকাশ করেন এবং কলেজের সমস্যাদি সমাধানে নজর দেয়ার আশ্বাস দেন। শিক্ষামন্ত্রী জমির উদ্দিন সরকার এসময় উপস্থিত ছিলেন। খবর বাসস।